

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার মৌজাভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক-তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী
উপসচিব।

(১৩৮১)

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলা-দিনাজপুর

উপজেলা-পার্বতীপুর

ক্রমিক নং		গেজেট প্রকাশের তারিখ	সংশোধনী প্রস্তাব
১	২	৩	৪
০১		২২ মার্চ, ২০১২ অতিরিক্ত সংখ্যা	‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তি গেজেটের ৩৬৪২ নং পৃষ্ঠায় খামার জগন্নাথপুর মৌজার জে.এল নং ৩৯ এর ৪৫ নং ক্রমিকের ৯নং কলামে জমির পরিমাণ ‘০.০০৮৩’ একর এর স্থলে ‘০.০১০৭’ একর প্রতিস্থাপিত হবে।
০২		৩১ ডিসেম্বর, ২০১২ অতিরিক্ত সংখ্যা	‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির গেজেটের ২০৭৯৯৪ নং পৃষ্ঠায় পার্বতীপুর মৌজার জে.এল নং ৪০ এর ৩ নং ক্রমিকের ৯নং কলামে জমির পরিমাণ ‘০.০১৪’ একর এর স্থলে ‘০.১৪’ একর প্রতিস্থাপিত হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd